

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৮৩৬

আমবাসা, ২৭ নভেম্বর, ২০২৩

ধলাই জেলাভিত্তিক যুব উৎসব উদযাপন

ধলাই জেলাভিত্তিক যুব উৎসব সম্পত্তি মনু টাউন হলে অনুষ্ঠিত হয়। যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর এবং লংতরাইভ্যালী মহকুমা প্রশাসনের যৌথ উদ্যোগে এই উৎসবের অনুষ্ঠিত হয়। উৎসবের উদ্বোধন করেন ধলাই জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি অনাদি সরকার। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এমডিসি সঞ্চয় দাস। উপস্থিত ছিলেন মনু বিএস'র চেয়ারম্যান প্রণয় দেববর্মা, সালেমা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুজিৎ বিশ্বাস, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের ধলাই জেলার সহঅধিকর্তা বিভাবসু গোস্বামী, তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহ-অধিকর্তা চন্দন সরকার, বিশিষ্ট সমাজসেবী ব্রজলাল ত্রিপুরা প্রমুখ। উৎসবের উদ্বোধন করে জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি অনাদি সরকার যুব উৎসবের প্রেক্ষাপট ও গুরুত্ব তুলে ধরে বলেন, এই উৎসবের মধ্যদিয়ে সাংস্কৃতিক চর্চার বিকাশ ঘটবে। বিধায়ক শস্তুলাল চাকমা বলেন, স্বামী বিবেকানন্দের আদর্শে অনুপ্রাণিত হয়ে যুবক-যুবতীরা যাতে বিপথে পরিচালিত না হয় সেই লক্ষ্যেই যুব উৎসব অনুষ্ঠিত হয়। স্বাগত বক্তব্য রাখেন লংতরাইভ্যালী মহকুমার মহকুমা শাসক উভয় ভৌমিক। যুব উৎসবে ধলাই জেলার ৮টি ব্লক, কমলপুর নগর পঞ্চায়েত এবং আমবাসা পুর পরিষদ থেকে প্রতিযোগিতামূলক বিভিন্ন বিষয়ে প্রায় চারশ জন শিল্পী অংশগ্রহণ করে। অংশগ্রহণকারীদের মধ্যে প্রতিটি বিষয়ে প্রথম স্থানাধিকারী শিল্পী ও শিল্পীদল রাজ্যভিত্তিক প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।
